দৈনিক খবর

তারিখ 0 8 JUN 1989 পৃষ্ঠা ১ কলাম ১

ডকুমেন্টেশন কেন্দ্র

031

পরীক্ষার্থীর সংখ্যা ৩,২২,১৯৩ জন

# আজ সারাদেশে এইচএসসি পরীক্ষা শুরু হচ্ছে

।। স্টাফ রিপোর্টার

দেশের চারটি শিক্ষা বোর্ডের অধীনে আজ বৃহস্পতিবার থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষা (এইচএসসি) শুরু হচ্ছে। সারাদেশে ৫২০টি কেন্দ্রে এবার ৩ লাখ

শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

## আজ সারাদেশে এইচএসসি

প্রথম পৃষ্ঠার পর

২২ হাজার ,১৯৩ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। ঢাকা মহানগরসহ দেশের বিভিন্ন জেলা, উপজেলা কেন্দ্রে সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে বোর্ড কর্তৃপক্ষ ও সরকার ব্যাপক প্রস্তুতি নিয়েছেন। শক্তি-শৃংখলা রক্ষার স্বার্থে পরীক্ষা কেন্দ্রের দু'শ' গজের মধ্যে একসাথে চার জনের বেশী লোকের জমায়েত ও চলাফেরা নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। আজ ৮ই জুন থেকে আগামী ৩রা জুলাই পর্যন্ত এ আদেশবলবৎথাকবে।

এবার এইচএসসি পরীক্ষায় ঢাকা মহানগরীতে ২৪টি কেন্দ্রসহ ঢাকা বোর্ডে মোট ১৩৪টি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা ৯৫ হাজার ৩০ জন, কুমিল্লা বোর্ডে ১১৮টি কেন্দ্রে মোট পরীক্ষার্থী ৭৪ হাজার ১১১ জন, যশোর বোর্ডে ১২৮টি কেন্দ্রে মোট পরীক্ষার্থী ৬৫ হাজার ৩৭৮ জন এবং রাজশাহী বোর্ডে ১৪০টি কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা ৮৭ হাজার৬৭৪ জন।

এবার দেশের বাইরে তিনটি কেন্দ্র রয়েছে রিয়াদ, জেদ্দা ও কুয়েতে। রিয়াদে ১ জন, জেদ্দায় ৪ জন ও কুয়েতে ৩ জন পরীক্ষায়অংশ নিচ্ছে।

আজ প্রথম দিনে বাংলা প্রথম ও দ্বিতীয় পত্র পরীক্ষা সকাল ও বিকেলে অনুষ্ঠিত হবে। শনিবার ১০ই জুন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি প্রথম ও দ্বিতীয় পত্র এবং ১১ই জুন রোববার ইংরেজী প্রথম ও দ্বিতীয় পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা শেষ হবে আগামী ৩রাজুলাই।

ডাকসুসহ বিভিন্ন সংগঠন আজ থেকে অনুষ্ঠেয় এইচএসসি পরীক্ষায় পাইকারী হারে নকল, দুর্নীতি ও অরাজকতা রোধের জন্য ছাত্র সমাজ, শিক্ষক, অভিভাবক তথা সর্বস্তরের জনগণেরপ্রতিআহবানজানিয়েছে।

পৃথক পৃথক বিবৃতিতে সংগঠনগুলোর নেতৃবৃন্দ বলেছেন, গত কয়েক বছরে ,এ' ধরনের পরীক্ষায় পাইকারী নকল, দুর্নীতি ও অরাজকতার ফলে গোটা শিক্ষা ব্যবস্থা ও শিক্ষা জীবন ধ্বংসের মুখোমুখি এসে দাঁড়িয়েছে। তারা এ' অবস্থার বিরুদ্ধে কার্যকর প্রতিরোধ গড়ে তোলার কর্মসূচী গ্রহণের আহবান জানান।

বিবৃতি দিয়েছেন ডাকসু' ভিপি সুলতান মোহাম্মদ মনসুর আহমেদ ও জি এস মুশতাক হোসেন, ছাত্র কল্যাণ পরিষদের সাধারণ সম্পাদক মোঃ মনিরুল ইসলাম, যুব ইউনিয়ন সভাপতি মাহবুব জামান ও সাধারণ সম্পাদক মুহম্মদ হিলাল উদ্দিন, বিপ্লবী ছাত্র ধারার সভাপতি আমিরুল হক আমিন ও সাধারণ সম্পাদক নাজমুল আমিন।